গাংনীতে দইু মাদকসেবীর কারাদন্ড

গাংনীতে দুই মাদক সেবনকারীর তিন মাসের কারাদন্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার দুপুরে নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন।

ভ্রাম্যমাণ আদালতে দন্ডিতরা হলেন, গাংনী উপজেলার সাহেব নগর গ্রামের বদর উদ্দীনের ছেলে মরজেম আলী (৬০) ও হাড়াভাঙ্গা গ্রামের আব্দুল কাদেরের ছেলে লাভলু হোসেন (৪০)।

সুত্র জানায়, মরজেম আলী ও লাভলু হোসেন গাঁজা সেবন করছে এমন গোপন সংবাদ পেয়ে মেহেরপুর জেলা মাদক নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিচালক সাহজামাল খান সঙ্গীয় ফোর্স নিয়ে তাদের আটক করে।

তাদের দেহ তল্লাশী করে দুজনের কাছ থেকে ৩০ গ্রাম গাজা উদ্ধার করের তারা।

পরে ঘটনা স্থলে আদালত বসিয়ে তাদের দন্ডাদেশ দিয়ে আদালতে প্রেরন করা হয়েছে।

গাংনীতে করোনা প্রতিরোধে জনসচেতনতামূলক প্রচারণা অভিযান ও লবন বিতরণ

করোনা প্রতিরোধে মেহেরপুরের গাংনী উপজেলা চেয়ারম্যান এম.এ খালেক এর উদ্যোগে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ ও তার সাথে সাথে চায়ের দোকান মালিকদের মাঝে লবণ বিতরণ করেছেন।

গতকাল বৃহস্পতিবার বিকেলে গাংনী উপজেলা শহরের প্রায় সবগুলো

দোকান এবং জনগণের মাঝে জনসচেতনতামূলক লিফলেট বিতরণ করেন।
এ সময় তিনি চা দোকানিদেরকে ফ্রিতে লবণ বিতরণকালে বলেন, করোনা ভাইরাস এর সময় যদি খরিদ্দারদের চা দেওয়ার আগে গরম পানির সাথে লবণ দিয়ে গড়গড়া করালে করোনা থেকে মুক্ত থাকা যায়।

এসময় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, কাউন্সিলর মিজানুর রহমান, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক আহসান উল্লাহ মহন, উপজেলা ছাত্রলীগের সভাপতি তৌহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক বিপ্লব হোসেনসহ স্থানীয় আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।

মুজিবনগরে ১১ ব্যাবসায়ীর জরিমানা

মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার প্রাঙ্গণ পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার বিষয়ে নির্দেশ অমান্য করায় অমান্যকারী ১১ব্যাবসায়ীকে জরিমানা করেছে ভ্রাম্মমাণ আদালত।

গতকাল বৃহস্পতিবার বিকালে কেদারগঞ্জ বাজারে এ অভিযান চালানো হয়।

অভিযান পরিচালনা করেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী। এ সময় ১১ জন ব্যাবসায়ীর কাছ থেকে মোট সাড়ে সাত হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

নির্বাহী অফিসার জানান, গত কয়েক সপ্তাহ আগে বাজার প্রাঙ্গণ পরিষ্কার রাখার জন্য সকল ব্যাবসায়ীকে নির্দেশ দিয়ে আসা হয়েছেলো। সে লক্ষ্যে সকল ব্যাবসিকের নিজের দোকানের আশেপাশে পরিষ্কার রাখার কথা ছিলো।

কিন্তু আজ যেয়ে দেখি তাদের মধ্যে কেউ কেউ পরিষ্কার রাখেনি। তাই সেখানে ভ্রাম্মমাণ আদালত বসিয়ে জরিমানা আদায় করা হয়।
এবং পরবর্তিতে যেন আর অপরিষ্কার না থাকে সে বিষয়ে আরও সতর্ক করে দেওয়া হয়।

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

বিদেশ ফেরত সবাইকে ১৪ দিন হোম কোয়ারেন্টাইন মেনে চলার নির্দেশ দেন নির্বাহী অফিসার নাজনীন সুলতানা।

এসময় উপস্থিত ছিলেন, মডেল থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, উপজেলা সার্টিফিকেট সহকারি আল-মামুন প্রমুখ।

কুষ্টিয়ায় পলিথিনে মোড়া নবজাতকের মরদেহ

কুষ্টিয়ার মিরপুরে পলিথিনে মোড়া একটি ছেলে নবজাতকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ।
আজ বৃহস্পতিবার (১৯ মার্চ) বেলা ৩টার দিকে মিরপুর উপজেলার কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কের পার্শ্বে খয়েরপুর এলাকার একটি দুয়া (খাল) থেকে পলিথিনে মোড়া অবস্থায় এ নবজাতকের মরদেহ উদ্ধার করে মিরপুর থানা পুলিশ।

স্থানীয়রা জানান, দুপুরে কয়েকটি শিশু দুয়া (খাল) এর পানিতে হাত দিয়ে মাছ ধরতে নামে। এসময় তারা পানির নিচ থেকে একটি পলিথিন তুলে আনে। এসময় এর মধ্যে একটি নবজাতকের মরদেহ দেখতে পেয়ে তারা চিৎকার করে। পরে স্থানীয়রা পুলিশে খবর দিলে মিরপুর থানা পুলিশ ঘটনাস্থল থেকে এ মরদেহটি উদ্ধার করে।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মিরপুর থানার এসআই আবু বক্কর জানান, পলিথিন কাগজে মোড়া অবস্থায় একটি ছেলে নবজাতকের মরদেহ উদ্ধার করা হয়েছে। প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে গর্ভপাত করে কেউ শিশুটিকে পলিথিনে মুড়িয়ে পানিতে ফেলে দিয়ে গেছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দিকে উপজেলার ৩নং দিগনগর ইউনিয়নের দেবতলা গ্রামের কাঠ ব্যবসায়ী উজ্জল শেখকে (৪০) কুপিয়ে গুরুতর জখম করে তার স্ত্রী মাজেদা বেগম।

ঘটনার পরপরই উজ্জলের সন্তান ও প্রতিবেশীরা মাথায় দা ঢোকানো অবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল ভর্তি করে। অবস্থার অবনতি হলে মুমুর্ষ অবস্থায় রাতেই তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয় বলে পারিবারিক সুত্রে জানা যায়।

এ ঘটনায় শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বজলুর রহমান ও সেকেন্ড অফিসার মাহফুজুর রহমার বৃহস্পতিবার বেলা ১১টার দিকে ঘটনাস্থল পরিদর্শন করে স্ত্রী মাজেদা বেগম ও ছোট ছেলে হৃদয় হোসেনকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করে থানায় নিয়ে আসে। আহত উজ্জল বাহাদুরপুর গ্রামের সাত্তার শেখের ছেলে।

উজ্জল হোসেনের বোন জোসনা খাতুন জানান, তার ভায়ের সাথে মাজেদা বেগমের আনুমানিক ২০ বছরের সংসার। শিশু অবস্থায় মা মারা যাওয়ার পর থেকেই উজ্জল দেবতলা গ্রামে নানীর কাছে বড় হয়েছে। তার দুটি সন্তান। বেশ কয়েক বছর উজ্জলের সাথে স্ত্রীর সম্পর্ক ভালো না। প্রায়ই ঝগড়া বিবাদ লেগেই থাকে।

ঘটনার রাতে সাড়ে ১২টার দিকে পাশের রুমে ঘুমন্ত অবস্থার দুই সন্তানকে মা মাজেদা বেগম বলে তোর বাবাকে কে যেন খুন করেছে। এর পরপরই দুই সন্তান মাথায় দা ঢোকানো অবস্থায় বাবাকে উদ্ধার করে শৈলকুপা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। অবস্থার অবনতি হলে মুমুর্ষ অবস্থায় সেখান থেকে তাকে কুষ্টিয়া ও পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়েছে বলে তিনি জানান। তার অবস্থা আশংকাজনক।

এ ঘটনায় উজ্জলের স্ত্রী ও ছোট ছেলেকে জিজ্ঞাসাবাদের জন্য পুলিশ আটক করেছে বলে জোসনা খাতুন জানান।

শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা বজলুর রহমান বলেন, উপজেলার দেবতলা গ্রামে স্বামীকে কুপিয়ে গুরুতর জখম করার ঘটনায় আহত উজ্জল শেখের স্ত্রী মাজেদা বেগম ও তার এক সন্তানকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে।

গাংনীতে ইয়াবাসহ পাচারকারী গ্রেপ্তার, অস্ত্রাঘাতে কনস্টেবল জখম

মেহেরপুরের গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে মাদক পাচারকারী ইদ্রীস আলী(৫৫) কে গ্রেপ্তার করেছে। বুধবার মধ্যরাতে পুলিশের একটি টীম ইদ্রীস আলীকে স্থানীয় মোহাম্মদপুর গ্রাম থেকে গ্রেপ্তার করে। তার কাছ থেকে উদ্ধার করা হয় ৮২ পিস ইয়াবা। এদিকে ইদ্রীস আলীর ধারালো অস্ত্রাঘাতে কনস্টেবল সাইফুল ইসলাম জখম হয়েছে। পাচারকারী ইদ্রীস আলী গাংনী উপজেলার মোহাম্মদপুর গ্রামের আব্দুল গফুরের ছেলে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, ইদ্রীস আলী ইয়াবা নিয়ে বিক্রির জন্য তার বাড়িতে অবস্থান করছিল। গোপন খবর পেয়ে পুলিশের একটি টীম সেখানে অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে। এসময় ইদ্রীসের ধারালো অস্ত্রের আঘাতে কনস্টেবল সাইফুল ইসলাম জখম হয়। তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা দেয়া হয়েছে।

মেহেরপুরে সাংবাদিক কাজলের সন্ধানসহ সাংবাদিকদের নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন

নিখোঁজ সাংবাদিক শফিকুল ইসলাম কাজলের সন্ধানসহ সারাদেশে সাংবাদিকদের নির্যাতনের প্রতিবাদে মানববন্ধন করেছে মেহেরপুরে

সাংবাদিক ও নাগরিক সমাজ।

বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এ কর্মসূচী পালন করা হয়। মানববন্ধনে মাহাবুবু চান্দুর সঞ্চালনায় সংবাদিক রফিকুল ইসলাম, ইয়াদুল মোমিন, মাহবুবুল হক পোলেন, মুজাহিদ মুন্না, হারুনুর রশিদ রবি, সাংস্কৃতিক কর্মী আবু তালেব, মানিক হোসেন, সাংবাদিক কাজলের বড়ভাই রফিকুল ইসলাম শামিম, ছোট বোন সাইদা খাতুন মিনি, ভাতিজা পল্লবী খাতুন, ভাবী মরিয়ম খাতুন বক্তব্য দেন।

কাজলের পরিবারের সদস্যরা তাদের স্বজনকে ফিরে পেতে সরকারের কাছে দাবি জানাতে গিয়ে কেঁদে ফেলেন। এ সময় সেখানকার আকাশ ভারী হয়ে উঠে।

সাংবাদিক রফিকুল ইসলাম তাঁর বক্তব্যে বলেন, সাংবাদিকরা দেশের ভাল-মন্দ সব কিছুই তাদের লেখনির মাধ্যমে তুলে ধরেন। বিপক্ষে গেলেই আপনাদের গাত্রদাহ হয়। আপনারা সংক্ষুব্ধ হয়ে আইনের আশ্রয় নিতে পারেন। কিন্তু কোন সাংবাদিককে গুম করে, তাঁকে নির্যাতন করে এর প্রতিকার পেতে পারেন না। এগুলো থেকে বেরিয়ে আসতে হবে।

সাংবাদিক ইয়াদুল মোমিন বলেন, নিখোঁজ সাংবাদিকের স্বজন চোখের জল আপনাদের জন্য অভিশাপ হবে। সাংবাদিকরাও মানুষ, তারাও ভুল ত্রটির বাইরে নয়। ভুল হলে আইনি ব্যবস্থা আছে। তার প্রতিকার পেতে সাংবাদিকদের আক্রান্ত করে নয়।

সাংবাদিক মাহবুবুল হক পোলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলেন, কুড়িগ্রামে আপনি তাৎক্ষনিক ব্যবস্থা নিয়েছেন। একই ক্ষেত্রে মেহেরপুর সহ সকল জেলায় এ ধরণের ব্যবস্থা নেবেন আশা করিা।

ঘন্টা ব্যাপী চলা মানববন্ধনে মেহেরপুরে কর্মরত বিভিণ্ন গণমাধ্যমের কর্মী, নিখোঁজ সাংবাদিক কাজলের পরিবারবর্গ ও স্থানীয় নাগরিক সমাজের মানুষ অংশগ্রহণ করেন।

মেপ্র/ইএম